

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৭

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সুমধুর সূরে পাঠ করা

باب التَّغَنِّي بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدِ حَدَّثَنَا ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ ابْنِ أَبِي نَهِيكٍ عَنْ سَعْدِ بْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ ابْنِ أَبِي نَهِيكٍ عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَتَغَنَّ بِالْقُرْآنِ قَالَ أَبُو مُحَمَّد النَّاسُ يَقُولُونَ عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي نَهِيكٍ

বাংলা

৩৫২৭. সা'দ ইবনু আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "ঐ ব্যক্তি আমাদের দলভূক্ত নয় যে কুরআনকে মধুর সুরে তিলাওয়াত করে না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৮৯, ৭৪৮; সহীহ ইবনু হিব্বান নং ১২০ ও মুসনাদুল হুমাইদী নং ৭৬, ৭৭ তে। এছাড়াও, দুরুকী, মুসনাদে সা'দ নং ১২৭; রাযী, ফাযাইলুল কুরআন নং ৯০; ইবনু কাছীর , ফাযাইলুল কুরআন পৃ. নং ১৮৬; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৬১৩; আবী উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ. ২০৯, ২১০; কুযাঈ, মুসনাদুশ শিহাব নং ১১৯৪, ১১৯৫, ১১৯৬; আব্দ ইবনু হুমাইদ, মুনতাখাব নং ১৫১; তাহাবী, মুশকিলিল আছার নং ১৩০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন